অধিবেশন নং ঃ ১

# প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী

## কাহারোল, দিনাজপুর ।

সভাপতি ঃ জনাব মোঃ আমিনুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
কাহারোল, দিনাজপুর

তারিখ ঃ ০৫/০১/২০২৫ খ্রি.
সময় ঃ বেলা ঃ ০৩:০০ ঘটিকা।
স্থান ঃ উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সভা কক্ষ।

**সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের উপস্থিতি স্বাক্ষর ঃ-**

| ক্রঃ নং | সদস্যগণের নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১। | উপজেলা নির্বাহী অফিসার, কাহারোল, দিনাজপুর | সভাপতি | [signature] |
| ২। | উপজেলা সমবায় কর্মকর্তা, কাহারোল, দিনাজপুর। | সদস্য | [signature] |
| ৩। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কাহারোল, দিনাজপুর। | সদস্য | [signature] 05.1.25 |
| ৪। | চেয়ারম্যান, ৩নং মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ, কাহারোল, দিনাজপুর। | সদস্য | [signature] 05.1.25 |
| ৫। | উপজেলা শিক্ষা অফিসার, কাহারোল, দিনাজপুর | সদস্য সচিব | [signature] |

**আলোচ্য বিষয় ঃ**
১। বই বিতরণ সম্পর্কিত আলোচনা।
২। জরিপকৃত শিশুদের ভর্তি নিশ্চিত করণ।
৩। বিদ্যালয় পর্যায় সাব-ক্লাষ্টার প্রশিক্ষণ সংক্রান্ত আলোচনা।
৪। প্রতিটি বিদ্যালয়ের IPMIS -ভর্তিকৃত শিক্ষার্থীর তথ্য হালনাগাদ করণ।
৫। বিবিধ।

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকল সম্মানিত সদস্যদের স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয় উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কাহারোল, দিনাজপুর কে আলোচ্য বিষয় অনুযায়ী আলোচনা করার জন্য আহবান জানান। অতঃপর উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে আলোচ্য বিষয় অনুযায়ী বিস্তারিত আলোচনা করেন এবং সকলের সম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ১। বই বিতরণ সম্পর্কিত আলোচনায় উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার জানান যে ইতোমধ্যে প্রাপ্ত ২০২৫ সনের ১ম হতে ৩য় শ্রেণির সকল বই পাওয়া গেছে। প্রাক প্রাথমিক ও ৪র্থ এবং ৫ম শ্রেণির বই এখনো পাওয়া যায় নি। ১ম হেত ৩য় শ্রেণির পাঠ্যবই ৩১ শে ডিসেম্বর ২০২৪ তারিখের মধ্যে সকল প্রাথমিক বিদ্যালয়ে বিতরণ করা হয়েছে। | প্রতিটি বিদ্যালয়ে সকল শিশুকে বই বিতরণ নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহিত হয় এবং প্রাক প্রাথমিক ও ৪র্থ, ৫ম শ্রেণির পাঠ্যবই প্রাপ্তির সাথে সাথে বিদ্যালয় পর্যায় বিতরণের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার<br>২। উপজেলা সহকারি প্রাথমিক শিক্ষা অফিসার<br>৩। প্রধান শিক্ষক (সকল) |
| ২। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, ৩১ শে ডিসেম্বর ২০২৪ এর মধ্যে প্রতিটি বিদ্যালয় ভর্তিকৃত শিশুদের জরিপ কাজ হালনাগাদ করা হয়েছে এবং শতভাগ ভর্তি কার্যক্রম চলমান রয়েছে। | ভর্তি যোগ্য সকল শিশুকে ৩১ জানুয়ারী ২০২৫ তারিখের মধ্যে শতভাগ ভর্তি সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার<br>২। উপজেলা সহকারি প্রাথমিক শিক্ষা অফিসার<br>৩। প্রধান শিক্ষক (সকল) |
| ৩। বিদ্যালয় পর্যায়ে শিক্ষকগণের পেশাগত দক্ষতা ও উন্নয়নের জন্য চাহিদা ভিত্তিক সাব-ক্লাষ্টার বৃদ্ধির লক্ষে ২০২৪-২০২৫ অর্থ বছরে সাব-ক্লাষ্টার প্রশিক্ষণ বরাদ্দ পাওয়া গেছে। | শিক্ষগণের দক্ষতা বৃদ্ধির জন্য চাহিদা ভিত্তিক সাব-ক্লাষ্টার প্রশিক্ষণ ম্যানুয়াল প্রস্তুত পূর্বক বিদ্যালয় পর্যায়ে পরিকল্পনা মোতাবেক যথাযথ ভাবে প্রশিক্ষণ পরিচালনা জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার<br>২। ইন্সট্রাক্টর, ইউআরসি।<br>৩। উপজেলা সহকারি প্রাথমিক শিক্ষা অফিসার<br>৪। সকল প্রধন ও সহকারী শিক্ষক। |
| ৪। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, ২০২৫ সনে বিদ্যালয় শিক্ষার্থীদের তথ্য IPMIS ২৫/০২/২০২৫ তারিখের মধ্যে এ্যান্ট্রি করার নির্দেশনা রয়েছে। | প্রতিটি বিদ্যালয়ের ২০২৫ শিক্ষা বর্ষের শিক্ষার্থীদের তথ্য নির্ধারিত তারিখের মধ্যে IPMIS এ্যান্ট্রি করার কার্যকর ব্যবস্থা গ্রহণে সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার<br>২। উপজেলা সহকারি প্রাথমিক শিক্ষা অফিসার<br>৩। প্রধান শিক্ষক (সকল) |
| ৫। বিবিধ বিষয়ে সভাপতি মহোদয় সম্মানিত সদস্যগণকে বলেন সকল শিক্ষার্থীর স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করা, শিক্ষার্থিদের বিদ্যালয় পর্যায় উপস্থিতি নিশ্চিত করা এবং নিয়মিত পড়ালেখা অব্যাহত রাখার উপর সর্বাধিক গুরুত্ব দিতে হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে আরো বেশি আন্তরিক ও তৎপর হওয়ার জন্য অনুরোধ জানান। | | |

চলমান পাতা-২

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

তারিখ ঃ ০৫/০১/২০২৫ খ্রি।

০৫/০১/২০২৫
(মোঃ আমিনুল ইসলাম)
সভাপতি
প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের স্থায়ী কমিটি
ও
উপজেলা নির্বাহী অফিসার
কাহারোল, দিনাজপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়
কাহারোল, দিনাজপুর।

স্মারক নং ঃ উশিঅ/কাহা-দিনাজ/শিক্ষা কমিটি/২০২৫/ তারিখ ঃ ০৫/০১/২০২৫ খ্রি.।

**অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো ঃ-**

০১। উপজেলা নির্বাহী অফিসার, কাহারোল, দিনাজপুর।
০২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, দিনাজপুর।
০৩। জনাব ............................................................................................., সদস্য, প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ স্থায়ী কমিটি, কাহারোল, দিনাজপুর।
০৪। সংরক্ষণ নথি।

৫/১/২৫
(এম. কে. এ জিন্নাত আলী)
উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার (চঃ দাঃ)
কাহারোল, দিনাজপুর।